

বিজিএ/কাস/২০২৩/২২

০১ ফেব্রুয়ারি, ২০২৩

সম্মানিত সকল সদস্যের জন্য

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, REX নাম্বার প্রাপ্ত রপ্তানিকারকগণকে ইউরোপীয় ইউনিয়ন, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে রপ্তানির বিপরীতে Statement on Origin (SoO) ইস্যুর ক্ষেত্রে প্রতিপালনীয় শর্ত সম্বলিত রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) কর্তৃক বিজ্ঞপ্তি নং- ২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮/১১৫, তারিখ: ২৯/০১/২০২৩ জারি করা হয়েছে।

ইপিবি কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশে তৈরি

রপ্তানি উন্নয়ন ব্যুরো

বস্ত্র বিভাগ

টিসিবি ভবন, ১, কাওরান বাজার

ঢাকা-১২১৫।

www.epb.gov.bd



নথি নং -২৬.০২.০০০০.০৫২.৪৭.৩৬৯.১৮/১১৮

তারিখঃ ১৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, REX নাম্বার প্রাপ্ত রপ্তানিকারকগণকে ইউরোপীয় ইউনিয়ন, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে রপ্তানির বিপরীতে Statement on Origin (SoO) ইস্যুর ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

শর্তাবলীঃ

- ০১। REX নাম্বার প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ইউরোপীয় ইউনিয়ন, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে প্রতিটি কনসাইনমেন্ট এর রপ্তানি সহায়ক দলিলাদি (Invoice, EXP, Bill of Export, BL/Airway Bill) ০৫ বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।
- ০২। প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত এইচএস কোড সমূহের পণ্য REX সংশ্লিষ্ট দেশে রপ্তানির ১৫ দিনের মধ্যে রপ্তানিকৃত প্রতিটি কনসাইনমেন্টের জন্য ভ্যাট, ট্যাক্সসহ সার্ভিস চার্জ বাবদ ২৫০/= (দুইশত পঞ্চাশ) টাকার পে-স্লিপ এবং প্রয়োজনীয় ডকুমেন্ট (Invoice, EXP, Bill of Export, BL/Airway Bill) Export Tracker এ দাখিল করতে হবে।
- ০৩। REX গাইডলাইন অনুযায়ী ৬০০০ ইউরোর নিচে ইনভয়েস জালু হলে তার Statement on Origin (SoO) Declaration এবং Export Tracker এ Document দাখিলের প্রয়োজন হবে না। তবে উক্ত কনসাইনমেন্টের Statement on Origin (SoO) Declaration করলে তার কপি Export Tracker এ অবশ্যই দাখিল করতে হবে এবং নির্ধারিত সার্ভিস চার্জ প্রদান করতে হবে।
- ০৪। পোস্ট ডেরিফিকেশনের সুবিধার্থে Export Tracker এ ডকুমেন্ট সাবমিশনের পর প্রাপ্ত Statement on Origin (SoO) ক্রেতার নিকট প্রেরণ করতে হবে এবং তা সংশ্লিষ্ট দেশের কাঠমসে দাখিল করতে হবে।
- ০৫। ইউনিক নাম্বার হিসেবে REX নাম্বারে ব্যবহৃত TIN কাঠমসসহ রপ্তানি সংশ্লিষ্ট সকল দপ্তরে ব্যবহার করতে হবে।
- ০৬। Statement on Origin (SoO) এর সম্ভাব্য অপব্যবহার রোধকল্পে Risk Analysis প্রক্রিয়ার মাধ্যমে আপনার প্রতিষ্ঠানের নিজস্ব মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ০৭। প্রতিষ্ঠানের অনুকূলে বরাদ্দকৃত HS Code এর বাহিরে কোন HS Code এর পণ্য REX সংশ্লিষ্ট দেশে রপ্তানি করে Statement on Origin (SoO) ঘোষণা দেয়া যাবে না। প্রয়োজনে ব্যুরোর অনুমোদনক্রমে নতুন HS Code সংযোজন করা যাবে।
- ০৮। কোন প্রতিষ্ঠান REX নাম্বার প্রাপ্তির পর ০১ বছর পর্যন্ত Operation এ না থাকলে; Rules of Origin প্রতিপালনে ব্যর্থ হলে কিংবা রপ্তানি কার্যক্রমে কোনো ধরণের অসদুপায় অবলম্বন করলে Competent Authority হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরো এই REX নাম্বার বাতিল (Revocation) সহ দেশের প্রচলিত আইনে ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

উপর্যুক্ত শর্তাবলী প্রতিপালনপূর্বক REX সিস্টেম ব্যবহারের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অবহিত করা হলো।


২৯.০১.২০২৩
(মাহমুদুল হাসান)
পরিচালক (বস্ত্র)

বিতরণঃ

০১। সংশ্লিষ্ট সকলকে।

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ০১। নির্বাহী সহকারী, ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পিএ টি মহাপরিচালক (বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

D:\REX Notice\REX Notice.doc

1


Shafiq
for info.
23